সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/১২৮

তারিখঃ ১৭ জুন, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ রপ্তানী উন্নয়ন ব্যুরো'র নিবন্ধন সনদ নবায়ন প্রসঙ্গে।**

**সূত্র ঃ রপ্তানী উন্নয়ন ব্যুরো'র** বিজ্ঞপ্তি নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.১৯-৫২৫৭, তারিখঃ ১৫/০৬/২০২৫

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানের ২০২৫-২০২৬ অর্থবছরের ইপিবি'র নিবন্ধন সনদ নবায়নের ক্ষেত্রে কতিপয় অনুসরণীয় বিষয়াবলী সম্বলিত সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করেছে।

এমতাবস্থায়, অনুসরণীয় বিষয়াবলীর উপর গুরুত্ব দিয়ে হালমেয়াদী ডকুমেন্টসহ ইপিবি অন-লাইনে (ems.epb.gov.bd এই ওয়েব সাইডে Log In করে) আবেদন পূর্বক জরিমানা ব্যতিরেকে আগামী ৩১/০৮/২০২৫ইং তারিখের মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো'র নিবন্ধন সনদ নবায়ন সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

প্রয়োজনীয় কার্যার্থে রপ্তানী উন্নয়ন ব্যুরো'র জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

১৭/৬/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

বস্ত্র বিভাগ
টিসিবি ভবন
১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.epb.gov.bd

নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.১৯- ৫২৫৭

তারিখঃ ০১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

তৈরী পোষাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের ২০২৫-২০২৬ অর্থবছরের রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন সনদ নবায়নের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলী নিম্নরূপঃ

ক) আগামী ০১ জুলাই ২০২৫ তারিখ হতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর ems.epb.gov.bd ওয়েবসাইটে Log in করে সকল হালমেয়াদী ডকুমেন্টসহ আবেদন করতে হবে;

খ) রপ্তানিকারক প্রতিষ্ঠান ব্যুরোর নিবন্ধন নবায়ন তাঁর প্রয়োজন অনুযায়ী ০১ (এক) থেকে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত গ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে নিবন্ধন নবায়নের আবেদনে মেয়াদ উল্লেখ করতে হবে এবং মেয়াদ অনুযায়ী নবায়ন ফি প্রযোজ্য হবে;

গ) নবায়ন ফি প্রতি বছর ৪০০০+৬০০=৪৬০০/- ভ্যাটসহ (চার হাজার ছয়শত) টাকা। যা Brac Bank A/C No-: 1503202417031001 এ পে-স্লিপ অথবা সোনালী ব্যাংকের গেটওয়ের মাধ্যমে পরিশোধযোগ্য;

ঘ) ৩১ আগস্ট ২০২৫ তারিখের পর নবায়ন সম্পন্ন করার জন্য নির্ধারিত নবায়ন ফি-৪০০০/- এর সাথে বিলম্ব ফি- ৩০০০/- এবং ভ্যাট ১০৫০/- = ৮০৫০/-(আট হাজার পঞ্চাশ) টাকা প্রদান করে নবায়ন গ্রহণ করতে হবে; এবং

ঙ) REX নাম্বার প্রাপ্ত সকল তৈরি পোশাক রপ্তানিকারী প্রতিষ্ঠানকে দ্রুততম সময়ের মধ্যে REX ঘোষনাকৃত সকল কনসাইনমেন্টের ডকুমেন্ট Export Tracker এ দাখিল স্বাপেক্ষে নিবন্ধন নবায়ন গ্রহণ করতে হবে। তৈরী পোষাক রপ্তানির বিপরীতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক ও শাখা কার্যালয় হতে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ ems.epb.gov.bd ওয়েবসাইটে ব্যুরোর স্ব-স্ব সার্ভিস অফিস Select করে নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

০২। আগামী ৩১ আগস্ট, ২০২৫ তারিখের মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন সনদ এর নবায়ন সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রদেয় জিএসপি, সিও, সাপটা, সাফটা, আপটা সনদ প্রদান ও REX বিষয়ক সেবা স্থগিত থাকবে।

K. Sulta..?
১৫/৬/২০২৫

( কুমকুম সুলতানা )
পরিচালক

বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে) (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

০১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ# ৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩। সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৪। সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৫। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

আপনার সমিতির সদস্যদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৬। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ৫, কেডিএ বাণিজ্যিক এলাকা, চেম্বার ম্যানশন (৩য় তলা), ডাক বাংলা মোড়, খুলনা।
০৭। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৮। পরিচালক(নীতি), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৯। উপপরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
১০। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তিটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সাত্তার টাওয়ার (৫ম তলা), এসএম মালেহ রোড, টানবাজার, নারায়নগঞ্জ।
১২। সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, হাজেরা ভিলা (৪র্থ তলা), সাহেব বাজার (মিঞা পাড়া), নাটোর রোড, রাজশাহী।
১৩। নির্বাহী সহকারী টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। পিএ টু মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। পিএ টু মহাপরিচালক-২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

E. Mahbub\Key Notice\Letter-Notice.docx

CamScanner